

রাজশাহী শিক্ষাবোর্ডের ত্রুটিযুক্ত প্রশ্নপত্র

রাজশাহী শিক্ষাবোর্ড পরিচালিত চলতি এসএসসি পরীক্ষায় ইংরেজি প্রশ্নপত্রে (RAC-৪৫২ 'ক' সেট—পাঠ্যসূচি ২০০৩) নিম্নরূপ ত্রুটি লক্ষ্য করা গেছে—

প্রশ্ন নম্বর ৯: Write a paragraph about your idea of a good neighbour. Think a particular neighbour you have known. Mention his particulars, describe some of his qualities, his behaviour, with the neighbour specially with you. His general nature and how he helps his neighbours.

দ্বিতীয়, বাক্যটি কোনো পৃথক স্বয়ংসম্পূর্ণ বাক্য নয়। তা প্রথম অংশের বর্ধিত অঙ্গমাত্র। সুতরাং সংযুক্তিটি নিম্নরূপ হওয়া উচিত—Think of a particular neighbour (whom) you have known (অথবা You know)। শেষের অংশকে (His general nature ...) অঙ্গগামী বাক্য থেকে বিচ্ছিন্ন করে স্বাধীন বাক্য হিসেবে দেখানো হয়েছে। কিন্তু এটাও বাক্যের যোগ্যতা হারিয়েছে। এটা পূর্ববর্তী বাক্যের অঙ্গমাত্র। এর অনুক্রম ঠিক রাখলে বাক্যটি দাঁড়ায়—“Mention his particulars, describe some of his qualities, his behaviour with the neigh-

bour, specially with you, his general nature and how he helps his neighbours”,

প্রশ্ন নম্বর ১০: “Think that you are sanjib by name, your friend did a good result in the S.S.C examination. Now write a letter to your friend Badal, congratulating him on his brilliant success in the S.S.C Examination”, বঙ্গানুবাদ করলে দাঁড়ায়—মনে করো তোমার নাম সঞ্জীব। তোমার বন্ধু এসএসসিতে ভালো ফল করেছে। এখন তোমার বন্ধু বাদলকে তাঁর উজ্জ্বল সাফল্যের জন্য অভিনন্দন জানিয়ে একটি পত্র লিখ।

বর্ণনা মতে, এক বন্ধু ভালো ফল করেছে। এবং অভিনন্দন জানাতে হচ্ছে বাদল নামক বন্ধুকে। এখন বন্ধুর সংখ্যা 'দুই' মনে করলে একরূপ উত্তর হয় এবং বন্ধুর সংখ্যা 'এক' মনে করলে ভিন্নরূপ উত্তর হয়। এক্ষেত্রে পরীক্ষার্থীকে বিরাট বিভ্রান্তিতে ফেলতে পারে।

বিষয়টির প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করি।

অবনী মোহন সরকার,
শান্তিভবন, পালপাড়া, নাটোর ৬৪০০।